

প্রজাতন্ত্র দিবসের ভাবনা

অরুণ জেটলি, রাজ্যসভার বিরোধী দলনেতা

আজ ভারত ৬৫ তম প্রজাতন্ত্র দিবস পালন করছে। আজই সেই দিন, যেদিন আমরা স্বাধীন সংবিধান পেয়েছিলাম। সংসদীয় গণতন্ত্র, যুক্তরাষ্ট্রীয় কাঠামো, একগুচ্ছ মৌলিক অধিকার, স্বশাসিত বিচারবিভাগের বিচারবিভাগীয় পর্যালোচনা এগুলি সংবিধানের উল্লেখযোগ্য বৈশিষ্ট্য।

অনেক চ্যালেঞ্জের মুখোমুখি হওয়ার পর ও এইসব চ্যালেঞ্জ উতরে যাওয়ার পর আমি বিশ্বাস করি যে আমরা একটা শক্তিশালী গণতন্ত্র। ভবিষ্যত পরিকল্পনায় বেশ কয়েকটা বিষয় রাখলাম যেগুলি নিয়ে আমার চিন্তার অবকাশ রয়েছে। দারিদ্র এখনও আমাদের সমাজের বড় শত্রু। জনসংখ্যার ৩০ শতাংশ এখনও দারিদ্রসীমার নিচে বসবাস করে। এই সমস্ত দারিদ্র মানুষজনের সম্মানের সঙ্গে বাঁচার অধিকার নেই। সন্ত্রাসবাদ ও জঙ্গী কার্যকলাপ প্রতিদিন ভারতের সার্বভৌমত্বকে চ্যালেঞ্জ ছুঁড়ছে। ভিতরে বাইরে সন্ত্রাসের ছায়া। বিন্দুমাত্র অসচেতনতার জায়গা নেই। দেশের রাজনৈতিক মানও উন্নত হওয়া দরকার। রাজনীতিক ক্ষমতার ক্ষেত্রটা বিশাল। রাজনীতির মান নেমে যাওয়ার প্রভাব পড়ছে সরকারি কাজকর্মেও। দেশ এমন একটা সরকারের প্রতীক্ষায় রয়েছে যারা প্রতিদিনের সামাজিক সমস্যাগুলিকে সার্থকভাবে মোকাবিলা করতে পারে। এইমুহুর্তে ভারতের দরকার একটা সহানুভূতিসমপন্ন ও মানবিক সমাজের। মহিলাদের ব্যাপারে ও আর্থিকভাবে পিছিয়ে পড়াবাদের ব্যাপারে আমাদের চিন্তাভাবনার ছাপ আমাদের আচরণে পড়তে হবে। মহিলাদের বিরুদ্ধে অপরাধ ও তার হিংস্রতা আমাদের সমাজকে প্রশ্নের মুখে দাঁড় করিয়ে দিচ্ছে। এগুলি সেই চ্যালেঞ্জ যার বিরুদ্ধে আমাদের লড়তে হবে। এই সমস্ত চ্যালেঞ্জ মোকাবিলার জন্য মনোবল বাড়াতে হবে আমাদের।
